

## কালের কণ্ঠ ২৯.১০.১৭

বায়ের

### ✓ 'টেকসই উন্নয়নে পরিকল্পিত নগরায়ণ জরুরি'

নিজস্ব প্রতিবেদক >

নাগরিক সমস্যা সমাধানে নগর পরিকল্পনাবিদ, স্থপতি ও প্রকৌশলীদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। তিনি বলেছেন, তৃণমূল পর্যায়ে গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে পরিকল্পিত নগরায়ণ ও অর্থবহ নাগরিক সেবা প্রদানে কাজ করতে হবে। উন্নয়নকে টেকসই করতে হলে পরিকল্পিত নগরায়ণ জরুরি।

গতকাল শনিবার রাজধানীর একটি হোটেলে 'সিটিস ফোরাম : বিডিং নলেজ নেটওয়ার্ক অ্যান্ড পার্টনারশিপ ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ' শীর্ষক এক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। বিশ্বব্যাপক, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানিং ও ইনস্টিটিউট অব আর্কিটেক্চার বাংলাদেশ দুই দিনব্যাপী এ সম্মেলনের আয়োজন করেছে। এতে দেশ-বিদেশের ২০ জন বিশেষজ্ঞ বক্তা এবং ৩৩২ জন মেম্বরসহ ৬৫০ জন প্রতিনিধি অংশ নিয়েছেন।